# Riaz Hamidullah likely to meet Mamata Banerjee at Nabanna

*Sucheta Sengupta*

Mamata Banerjee

## অরাজকতার মাঝেই মমতা-সাক্ষাতে বাংলাদেশ হাইকমিশনার, বৈঠক জহর সরকারের সঙ্গেও?

## আগামী সপ্তাহে নবান্নে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে আসতে পারেন এম রিয়াজ হামিদুল্লা।



**নন্দিতা রায়, নয়াদিল্লি:** হাসিনা সরকারের পতনের পর থেকেই বাংলাদেশে অরাজক পরিস্থিতি। বিশেষত সংখ্যালঘু হিন্দুদের উপর নির্যাতন থেকে শুরু করে মনীষীদের অপমান, স্থাপত্যকীর্তি ভাঙচুরের মতো ঘটনা ঘটেই চলেছে। সেই তালিকায় সদ্য যুক্ত হয়েছে সিরাজগঞ্জে রবীন্দ্রনাথের স্মৃতি বিজড়িত কাছারি বাড়ি ভাঙচুর। বিষয়টি আন্তর্জাতিক হওয়ায় তার যথাযথ তদন্তের দাবিতে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় (Mamata Banerjee) চিঠি লিখেছিলেন প্রধানমন্ত্রী মোদিকে। বাংলাদেশের সঙ্গে কথা বলে যাতে ঘটনায় প্রকৃত দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যায়। সূত্রের খবর, এসবের মাঝেই এবার মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে আসছেন নয়াদিল্লিতে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার এম রিয়াজ হামিদুল্লা। আগামী সোমবার নবান্নে সেই সাক্ষাতের সম্ভাবনা। যা অত্যন্ত তাৎপর্যপূর্ণ হতে চলেছে নিঃসন্দেহে।

তথ্য বলছে, ৯ বছর পর বাংলার মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে আসছেন প্রতিবেশী দেশের দূত। এর আগে ২০১৬ সালে তৎকালীন ঢাকার হাইকমিশনার মোয়াজ্জেম আলির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ হয়েছিল মমতা বন্দ্যোপাধ্যায়ের (Mamata

Banerjee)। তারপর থেকে আর এই প্রোফাইলের কোনও ব্যক্তির সঙ্গে দেখা হয়নি বাংলার মুখ্যমন্ত্রীর। এবার আগামী সোমবার, ২৩ জুন নয়াদিল্লির হাইকমিশনার এম রিয়াজ হামিদুল্লা আসছেন নবান্নে, মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করতে। সূত্রের খবর, সিরাজগঞ্জে রবীন্দ্রনাথের বাড়ি ভাঙচুর নিয়ে 'প্রকৃত তথ্য' তুলে ধরবেন তাঁর কাছে। এছাড়া সীমান্ত সমস্যা নিয়েও কথা হতে পারে।

এছাড়া হামিদুল্লার বঙ্গ সফরে আরও একটি গুরুত্বপূর্ণ কর্মসূচি রয়েছে। প্রসার ভারতীর প্রাক্তন সিইও তথা তৃণমূল কংগ্রেসের প্রাক্তন রাজ্যসভার সাংসদ জহর সরকারের সঙ্গে একান্ত বৈঠকের সম্ভাবনা ঢাকার দূতের। শোনা যাচ্ছে, পরেরদিন অর্থাৎ মঙ্গলবার প্রাতরাশে জহর সরকারের সঙ্গে দেখা করবেন তিনি, দু'জনের মধ্যে নানা বিষয় নিয়ে আলোচনা হতে পারে। বাংলাদেশ হাইকমিশনারের আসন্ন সফরে রাজ্যপালের সঙ্গে আলাদা বৈঠক রয়েছে কি না, তা এখনও অজানা। তবে নিঃসন্দেহে মমতা এবং হামিদুল্লার বৈঠকই এই মুহূর্তে সবচেয়ে গুরুত্বপূর্ণ হতে চলেছে।

## হাইলাইটস

- বাংলার মুখ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে আসছেন দিল্লির বাংলাদেশ হাইকমিশনার এম রিয়াজ হামিদুল্লা।
- আগামী সপ্তাহে নবান্নে দু'জনের বৈঠকের সম্ভাবনা।
- তৃণমূলের প্রাক্তন সাংসদ জহর সরকারের সঙ্গে দেখা করার কথা হাইকমিশনারের।




['যেকোনও নথিই জাল হতে পারে', SIR-এ আধার-ভোটার গ্রহণ করতে কমিশনকে 'সুপ্রিম' পরামর্শ]

